



নতুন ধরনের উন্নয়ন

আমাদের সম্রা

১৪-০৪-২০২৬, পৃ. অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে পহেলা বৈশাখ উদযাপন



উৎসবমুখর পরিবেশ আর বর্ণিল নানা আয়োজনের মধ্য দিয়ে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে সার্বজনীন বাংলা বর্ষবরণ উৎসব 'পহেলা বৈশাখ ১৪৩৩'। দিনব্যাপী এই আয়োজনে ছিল বর্ণাঢ্য র্যালি, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ঐতিহ্যবাহী বৈশাখী মেলা।

অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাংস্কৃতিক ক্লাব 'ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্লাব ফর পারফর্মিং আর্টস' (ইসিপিএ)-এর উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের আন্তিনায় দেশের বরণ্য সাংস্কৃতিক সংগঠন 'ছায়ানট'-এর শিল্পীরা সমবেত সংগীত ও নাটক পরিবেশন করেন। উৎসবের আমেজ আরও বাড়িয়ে তোলে জনপ্রিয় ব্যান্ড 'চিরকুট'-এর পরিবেশনা। বিকেলের আয়োজনে ইসিপিএ-এর শিক্ষার্থীরা মনোমুগ্ধকর নাচ ও গান পরিবেশন করেন। সবশেষে খ্যাতিমান ব্যান্ড 'মেঘদল'-এর অনবদ্য পারফরম্যান্সের মধ্য দিয়ে দিনব্যাপী এই উৎসবের সমাপ্তি ঘটে।

এসব অনুষ্ঠানের পাশাপাশি বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সারাদিন চলেছে ঐতিহ্যবাহী 'বৈশাখী মেলা'। মেলার বিভিন্ন স্টলে ছিল দেশীয় খাবার, ঐতিহ্যবাহী পোশাক, গয়না এবং প্রসাধনী সামগ্রী। উৎসবের আয়োজনে অংশগ্রহণ করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, উপাচার্য, অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য, অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, কোষাধ্যক্ষ, এয়ার কমডোর (অব.) ইশফাক ইলাহি চৌধুরীসহ বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও বিপুল সংখ্যক শিক্ষার্থী।